

Ms. Sayeda
28/12

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এগ্রিকালচার উইং
পরিসংখ্যান ভবন (৭ম তলা, ব্লক-২)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd



তারিখ: ১১ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
২৭ মে, ২০২১ খ্রিস্টাব্দ

নং- ৫২.০১.০০০০.৩০০.০১.০৫৬.১২. ৩৯০

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়: পারিবারিক পেনশনের আওতায় আনুতোষিক ও অবসর ভাতা মঞ্জুরি সংক্রান্ত।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এগ্রিকালচার উইংয়ের প্রাক্তন ইনুমারেটর মরহুম কাজী নূরুল ইসলাম পিআরএল ভোগরত অবস্থায় গত ২৯/১০/২০১৯খ্রি: তারিখে মৃত্যুবরণ করেন। তার মৃত্যুজনিত কারণে বিধবা স্ত্রী বেগম আলেয়া বেগম তার সন্তানগণ কর্তৃক আনুতোষিক ও অবসরভাতার অর্থ উত্তোলন করার ক্ষমতা অর্পণ ও অভিভাবক মনোনীত হওয়ায় পারিবারিক পেনশনের জন্য আবেদন করেছেন। কাজী নূরুল ইসলাম গত ২৯/১০/২০১৯খ্রি: তারিখে মৃত্যুবরণ করায় ৩০/১০/২০১৯খ্রি: তারিখ হতে তিনি আনুতোষিক ও পারিবারিক অবসরভাতা প্রাপ্য হয়েছেন।


০২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়ের ১০/০১/২০২১ খ্রি: তারিখের নং-সিএও/পরি/পরি-২/বে:নি:/৪৫১ মোতাবেক শেষ বেতনের প্রত্যয়নপত্র (এলপিসি) অনুযায়ী তার মূল বেতন ৩০,২৬০/- (ত্রিশ হাজার দুইশত ষাট) টাকা। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ১৪/১০/২০১৫ খ্রি: তারিখের নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী ৯০% হারে (মূলবেতন ৩০,২৬০ টাকা এর ৯০%) ২৭,২৩৪/- (সাতাশ হাজার দুইশত চৌত্রিশ) টাকা গ্রস পেনশন এর ৫০% হারে (২৭,২৩৪/- x ৫০%) = ১৩,৬১৭/- (তেরো হাজার ছয়শত সতেরো) টাকা এর প্রতি টাকায় ২৩০ (দুইশত ত্রিশ) টাকা হারে সমর্পিত মূল্য বাবদ মোট (১৩,৬১৭/- x ২৩০) = ৩১,৩১,৯১০/- (একত্রিশ লক্ষ একত্রিশ হাজার নয়শত দশ) টাকা মাত্র আনুতোষিক হিসেবে মঞ্জুরি প্রদান করা হলো।

০৩। তার গ্রস পেনশন এর অবশিষ্ট (২৭,২৩৪/- x ৫০%) = ১৩,৬১৭/- (তেরো হাজার ছয়শত সতেরো) টাকা মাসিক অবসর ভাতা হিসেবে মঞ্জুরি প্রদান করা হলো।

০৪। অফিস আদেশ নং-বিবিএস/এমআইএস/১প্রশা-১৮১/২০০১-৮৫০, তারিখ-১৫/০২/২০১১ এর যোগসূত্রে এ মঞ্জুরি জারি করা হলো।

০৫। উক্ত আনুতোষিক অর্থ বিভাগের অর্থনৈতিক কোড-৩৭৩১১০১ এবং অবসর ভাতা কোড ৩৭৩১১০৩-এ তে সমন্বয় করা হবে এবং সোনালী ব্যাংক লিমিটেড, পাবলিক সার্ভিস কমিশন শাখা, ঢাকা, সঞ্চয়ী হিসাব নং- ০১১০৭০১০০৬৯৫৫ হতে আহরিত হবে।

০৬। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ মঞ্জুরি জারি করা হলো।


আলাউদ্দিন আলি মাজিদ
পরিচালক

☎: ৫৫০০৭৩২৬

ইমেইল: director.agriculture@bbs.gov.bd

বিতরণ (কার্যার্থে/জ্ঞাতার্থে):

- ০১। পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০২। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, আগারগাঁও, ঢাকা (এই আদেশটি বিবিএস'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। যুগ্মপরিচালক, এগ্রিকালচার উইং, বিবিএস, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০৪। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বিবিএস, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, পিএসসি শাখা, ঢাকা।
- ০৬। আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, বিবিএস, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০৭। হিসাব শাখা, এগ্রিকালচার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০৮। জনাব আলেয়া বেগম (মরহুম কাজী নূরুল ইসলাম ইনুমারেটর এর বিধবা স্ত্রী), গ্রাম: কোটাপাড়া, পোস্ট: সাভার, ইউনিয়ন: বনগাঁও (বলিয়ারপুর), উপজেলা: সাভার, জেলা: ঢাকা।
- ০৯। অফিস কপি।